এডুকেশন ওয়াচ ২০০৮

বাংলাদেশে প্রাথমিক শিক্ষার অবস্থা

অগ্রগতি ও চ্যালেঞ্জসমূহ

প্রকাশনায়

গণসাক্ষরতা অভিযান

এডুকেশন ওয়াচ ২০০৮

বাংলাদেশে প্রাথমিক শিক্ষার অবস্থা
অগ্রগতি ও চ্যালেঞ্জসমূহ

মূল প্রতিবেদনের বাংলা সারসংক্ষেপ

সমীর রঞ্জন নাথ
আহমদ মোশ্‌তাক রাজা চৌধুরী

নভেম্বর ২০০৯

গণসাক্ষরতা অভিযান

যোগাযোগ ঠিকানা
গণসাক্ষরতা অভিযান
৫/১৪ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭
ফোন: ৯১৩০৪২৭, ৮১৫৫০৩১, ৮১৫৫০৩২
ইমেইল: info@campebd.org
ওয়েবসাইট: www.campebd.org

ক. ভূমিকা ও উদ্দেশ্য

নিরপেক্ষ পর্যবেক্ষণ ও বাস্তবভিত্তিক নীতিমালা সুপারিশের মাধ্যমে 'সবার জন্য শিক্ষা'র লক্ষ্য অর্জনে অবদান রাখার প্রয়াসে ১৯৯৮ সালে *এডুকেশন ওয়াচ*-এর যাত্রা। শুরুর দিকে কয়েক বছর *ওয়াচ* প্রাথমিক ও মৌলিক শিক্ষা এবং সাক্ষরতা পরিস্থিতি অনুসন্ধানে নিয়োজিত ছিলো। পরবর্তী বছরগুলোতে মাধ্যমিক শিক্ষার ওপর জোর দেওয়া হয়। প্রাথমিক ও মৌলিক শিক্ষার মানোন্নয়নের বৃহত্তর স্বার্থে এর প্রথম তিনটি প্রতিবেদনে প্রাথমিক শিক্ষার অভ্যন্তরীণ সক্ষমতা, শিক্ষার্থীদের মৌলিক ও প্রান্তিক যোগ্যতা অর্জন এবং শিক্ষক প্রশিক্ষণের অবস্থা যাচাইয়ের ওপর গুরুত্বারোপ করা হয়। প্রতিবেদনগুলো শিক্ষাসংশ্লিষ্ট নানা মহলে ব্যাপক সাড়া জাগায়। উল্লেখ্য, শিক্ষার্থীদের যোগ্যতাভিত্তিক শিখন দক্ষতা পরিমাপ ও বিশ্লেষণে *এডুকেশন ওয়াচ*-ই সর্বপ্রথম উদ্যোগ গ্রহণ করে।

প্রাথমিক স্তরে শিক্ষার্থীদের ভর্তির হার বৃদ্ধি ও জেন্ডার বৈষম্য দূরীকরণে বাংলাদেশ অনেকদূর এগিয়েছে। বর্তমানে মান উন্নয়নই প্রাথমিক শিক্ষার অন্যতম প্রধান লক্ষ্য। *এডুকেশন ওয়াচ*-এর পূর্ববর্তী প্রতিবেদনগুলোসহ অন্যান্য অনেক গবেষণাপত্রে প্রাথমিক শিক্ষার নিম্নমানের ওপর আলোকপাত করা হয়েছে। প্রাথমিক শিক্ষার গুণগত মানসংক্রান্ত *ওয়াচ*-এর প্রথম প্রতিবেদন প্রকাশের পর বেশ কয়েক বছর অতিক্রান্ত হয়েছে। ঐ প্রতিবেদন প্রকাশের পর সরকারসহ বেসরকারি প্রতিষ্ঠানগুলো প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে নানা পদক্ষেপ গ্রহণ করে, যার মধ্যে দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প (পিইডিপি-২) বিশেষভাবে উল্লেখযোগ্য। এ কারণে প্রাথমিক শিক্ষার গুণগত মান পুনরায় যাচাইয়ের প্রয়োজনীয়তা দেখা দেয়। এর ফলে সাম্প্রতিক বছরগুলোতে প্রাথমিক শিক্ষার মানে কী ধরনের পরিবর্তন সাধিত হয়েছে তা যেমন বোঝা যাবে, তেমনি শিক্ষাসম্পর্কিত কৌশল পুনঃপর্যালোচনা ও পরিকল্পনার সুযোগও সৃষ্টি হবে।

বাংলাদেশে প্রাথমিক শিক্ষার মেয়াদ পাঁচ বছর, ৬-১০ বছরের শিশুরা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার অভীষ্ট জনগোষ্ঠী। সারা দেশে ১০ ধরনের প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে যেখানে তিনটি ভিন্ন শিক্ষাক্রম অনুসরণ করা হয়। সরকারি বিদ্যালয়, বেসরকারি (নিবন্ধিত ও অনিবন্ধিত) বিদ্যালয়, কমিউনিটি বিদ্যালয়, পরীক্ষামূলক বিদ্যালয়, উপানুষ্ঠানিক বিদ্যালয় এবং উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়গুলো জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের শিক্ষাক্রম অনুসরণ করে। এবতেদায়ি মাদ্রাসা এবং উচ্চ-মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ি মাদ্রাসাগুলো বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের

শিক্ষাক্রম অনুসরণ করে। ইংরেজি মাধ্যম বিদ্যালয়গুলো ব্রিটিশ শিক্ষাক্রম অনুসরণ করে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে আবার প্রশাসনিক দায়িত্বের নিরিখে বিভিন্নভাবে ভাগ করা যায়। উদাহরণস্বরূপ, প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের প্রধান সরকারি প্রতিষ্ঠান প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রথম পাঁচ ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান তদারকি করে। পরীক্ষামূলক বিদ্যালয়গুলোতে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীর কিছুটা কর্তৃত্ব রয়েছে, উপানুষ্ঠানিক বিদ্যালয়গুলো বাস্তবায়নকারী সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় এবং উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়গুলো মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর-এর তদারকিতে পরিচালিত হয়। মাদ্রাসাগুলো মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিয়ম অনুসরণ করে এবং ইংরেজি মাধ্যম বিদ্যালয়গুলোর জন্য নির্দিষ্ট কোনো কর্তৃপক্ষ নেই।

মানসম্মত শিক্ষার ধারণা একটি ব্যাপক পরিব্যাপ্ত বিষয়; শিক্ষাব্যবস্থায় যে কোন ধরনের পরিবর্তন শিক্ষার মানের ওপর প্রভাব ফেলে। আবার মানসম্মত শিক্ষার সর্বোচ্চ সীমা বলেও কিছু নেই। শুধু উন্নয়নশীল দেশগুলোতেই নয়, ধনী ও উন্নত দেশগুলোতেও মানসম্মত শিক্ষার প্রশ্নটি ব্যাপকভাবে আলোচিত। জমতিয়েন সম্মেলন ও ডাকার ফোরামসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে মানসম্মত প্রাথমিক ও মৌলিক শিক্ষার ওপর বেশ জোর দেওয়া হয়েছে। একদশকেরও বেশি আগে ইউনেস্কো'র জাক দেলর কমিশন শিক্ষাকে জীবনব্যাপী শিখনের প্রক্রিয়া হিসেবে দেখেছিলো যা মূলত চারটি ভিত্তির ওপর প্রতিষ্ঠিত– *জানার জন্য শেখা*, *বাঁচার জন্য শেখা*, *মিলেমিশে বসবাস করতে শেখা* এবং *বিকশিত হওয়ার জন্য শেখা*। মানসম্মত শিক্ষা পরিমাপ ও পর্যালোচনার জন্য বেশ কিছু ফ্রেমওয়ার্ক বা কাঠামো রয়েছে যার মধ্যে *জোগান-প্রক্রিয়া-তাৎক্ষণিক ফল* কাঠামোটি (পরবর্তী পৃষ্ঠায় দেখুন) বহুল ব্যবহৃত। বর্তমান গবেষণায় এ কাঠামোটি ব্যবহার করা হয়েছে। এই ফ্রেমওয়ার্কের তিনটি উপাদানের প্রতিটিতে অনেকগুলো সূচক রয়েছে। উল্লেখ্য, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মানসম্মত শিক্ষা নিরীক্ষার জন্য নানা ধরনের সূচকের সমন্বয়ে দুটি তালিকা তৈরি করেছে; এগুলো হলো, প্রাথমিক বিদ্যালয়ের মানের স্তর (পিএসকিউএল) ও মুখ্য দক্ষতা সূচক (কেপিআই)। তালিকাদুটির প্রায় সবগুলো সূচকই *জোগান-প্রক্রিয়া-তাৎক্ষণিক ফল* কাঠামোর মধ্যে রয়েছে।

উপর্যুক্ত বিশ্লেষণমূলক কাঠামোকে ভিত্তি ধরে *এডুকেশন ওয়াচ ২০০৮*-এর গবেষণার জন্য নিচের চারটি উদ্দেশ্য গ্রহণ করা হয়:

১. প্রান্তিক যোগ্যতাসমূহ, প্রাথমিক বিদ্যালয়ের মানের স্তর ও মূখ্য দক্ষতা সূচকসহ মানসম্মত শিক্ষার বিবিধ পরিমাপকের নিরিখে প্রাথমিক ও মৌলিক শিক্ষার জাতীয় লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে বাংলাদেশ কতটা অগ্রগতি লাভ করেছে তা পরিমাপ করা;

২. শিক্ষার্থীদের শিখনফল অর্জনের সাথে তাদের আর্থসামাজিক অবস্থাসহ মানসম্মত শিক্ষার নানা সূচকের (জোগান ও প্রক্রিয়া উভয়েই) সম্পর্ক বিশ্লেষণ করা;

৩. শিশুদের প্রাথমিক শিক্ষায় অংশগ্রহণ পরিস্থিতির অগ্রগতি, এর সহসম্পর্কিত বিষয়সমূহ এবং অংশগ্রহণসংক্রান্ত সীমাবদ্ধতাগুলো অনুসন্ধান করা;

৪. জনগণের শিক্ষা ও সাক্ষরতার বর্তমান স্তর সম্পর্কে জানা এবং সময়ের আবর্তে প্রাথমিক শিক্ষার বিস্তারের সাথে এ সংক্রান্ত কী অগ্রগতি সাধিত হয়েছে তা অনুসন্ধান করা।

মানসম্মত শিক্ষা বিশ্লেষণের ফ্রেমওয়ার্ক



খ. গবেষণা পদ্ধতি

প্রাথমিক শিক্ষার বর্তমান মান বোঝার জন্য এই গবেষণায় মাঠপর্যায় থেকে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি গত এক দশকের অগ্রগতি বোঝার জন্য পূর্ববর্তী *এডুকেশন ওয়াচ*সমূহের তথ্যভাণ্ডারও (১৯৯৮, ২০০০ ও ২০০৫ সালে সৃষ্ট) ব্যবহার করা হয়েছে। গবেষণার প্রথম দুটি উদ্দেশ্য পূরণের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান ও খানা জরিপের আশ্রয় নেওয়া হয়। খানা জরিপের তথ্য বিশ্লেষণ করে গবেষণার তৃতীয় ও চতুর্থ উদ্দেশ্য পূরণের উদ্যোগ নেওয়া হয়। দ্বিতীয় উদ্দেশ্য পূরণের জন্য প্রান্তিক যোগ্যতার নিরিখে শিক্ষার্থীদের অর্জন অভীক্ষা নেওয়া হয়। *এডুকেশন ওয়াচ*

২০০০-এর জন্য যে অভীক্ষাপত্রটি তৈরি করা হয়েছিলো এই গবেষণায়ও সেটি ব্যবহার করা হয়েছে। অভীক্ষাটিতে ৫০টি প্রান্তিক যোগ্যতার মধ্যে ২৭টি প্রতিফলিত হয়েছে। পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা সমাপনের ঠিক পূর্বমুহূর্তে ২০০৮ সালের নভেম্বরে এই অভীক্ষা গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশের প্রাথমিক শিক্ষায় প্রচলিত ১০ ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে এই গবেষণার জন্য ছয় ধরনের প্রতিষ্ঠান নেওয়া হয়। এগুলো হলো, সরকারি প্রাথমিক বিদ্যালয়, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, এবতেদায়ি মাদ্রাসা, উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় এবং উচ্চ-মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ি মাদ্রাসা। গ্রাম ও শহরের বিদ্যালয়গুলোকে আলাদাভাবে বিবেচনা করে বিদ্যালয় জরিপের জন্য সর্বমোট ১২টি স্ট্র্যাটা বিবেচনা করা হয়। গবেষণায় প্রতিটি স্ট্র্যাটা থেকে দৈবচয়ন পদ্ধতিতে ৩০টি শিক্ষাপ্রতিষ্ঠান বাছাই করে প্রতিটি প্রতিষ্ঠান থেকে পঞ্চম শ্রেণীর ২০ জন শিক্ষার্থীর অভীক্ষা নেওয়ার পরিকল্পনা করা হয়। কিন্তু শহরাঞ্চলে এবতেদায়ি মাদ্রাসার অপ্রতুলতার কারণে এই ধরনের প্রতিষ্ঠান থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীর অভীক্ষা নেওয়া সম্ভব হয় নি। কিছু কিছু ক্ষেত্রে পঞ্চম শ্রেণীতে শিক্ষার্থীসংখ্যা কম থাকায় সংশ্লিষ্ট ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা বাড়াতে হয়েছিলো। সর্বমোট ৪৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৭,০৯৩ জন শিক্ষার্থীর প্রান্তিক যোগ্যতা পরিমাপক অভীক্ষা গ্রহণ করা হয়, যাদের মধ্যে ৭,০৭০ জনের আর্থসামাজিক অবস্থার তথ্যও সংগ্রহ করা হয়।

শিশুদের প্রাথমিক শিক্ষায় অংশগ্রহণ ও বিদ্যালয়-বহির্ভূত শিশুদের অবস্থা জানা এবং এ-সম্পর্কিত আর্থসামাজিক অবস্থা পর্যালোচনার উদ্দেশ্যে খানা জরিপ করা হয়। এজন্য পূর্ববর্তী *এডুকেশন ওয়াচ*গুলোর পদ্ধতি অনুসরণ করে সারা দেশকে ছয়টি গ্রামীণ ও দুটি শহর– মোট আটটি স্ট্র্যাটায় ভাগ করা হয়। গ্রামীণ এলাকাগুলো হলো– ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট ও বরিশাল; আর শহর এলাকাগুলো হলো– সিটি করপোরেশন ও পৌরসভা। গবেষণার পরিকল্পনা অনুসারে প্রতিটি স্ট্র্যাটায় ১২০টি গ্রাম/মহল্লা থেকে ৩০০০টি করে খানা জরিপ করার কথা থাকলেও কিছু নির্বাচিত গ্রাম/মহল্লায় খানাসংখ্যার অপ্রতুলতার কারণে গ্রাম/মহল্লার সংখ্যা বাড়াতে হয়েছিলো। শেষ পর্যন্ত ১,০০৩টি গ্রাম/মহল্লা থেকে ২৪,০০৭টি খানা জরিপ করা হয়। এই খানাগুলোর মোট জনসংখ্যা ছিলো ১,১৩,৩২০ জন যার মধ্যে ১৪,৬৮৮ জন প্রাথমিক স্তরে ভর্তির উপযুক্ত বয়সী (অর্থাৎ ৬-১০ বছরের মধ্যে) এবং ১৫,১৮৯ জন প্রাথমিক স্তরে ভর্তি হওয়া শিক্ষার্থী।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো কর্তৃক তৈরি করা শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা থেকে শিক্ষাপ্রতিষ্ঠান জরিপের জন্য নমুনা সংগ্রহ করা হয়। অপরদিকে খানাজরিপের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৈরি করা

জেলাভিত্তিক গ্রাম/মহল্লার তালিকা ব্যবহার করা হয়। ২০০৮ সালের মধ্য-অক্টোবর থেকে ডিসেম্বরের মাঝামাঝি সময়ের মধ্যে সমুদয় তথ্যসংগ্রহের কাজ সম্পন্ন করা হয়।

গ. প্রধান ফলাফল

শিক্ষাসংক্রান্ত সুযোগসুবিধা এবং শিখন-সংস্থান

যেকোন শিক্ষাব্যবস্থার প্রথম পদক্ষেপ হলো প্রাতিষ্ঠানিক পর্যায়ে উপযুক্ত মানের সুযোগসুবিধা তৈরি করা। ১৯৯৮ সালের অবস্থার সঙ্গে বর্তমান জরিপের ফলাফল তুলনা করে এ-সম্পর্কিত অগ্রগতিসমূহ এখানে উল্লেখ করা হলো:

- সামগ্রিকভাবে গত ১০ বছরে প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ভৌত সুযোগসুবিধা বৃদ্ধি পেয়েছে। শ্রেণীকক্ষের সংখ্যা, ভবন নির্মাণ উপাদানের গুণগতমান, পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং শ্রেণীকক্ষে শিক্ষার্থী ধারণক্ষমতার নিরেখে এই অগ্রগতি লক্ষ্য করা গেছে।

- শ্রেণীকক্ষের সংখ্যার বিচারে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো অন্যদের চেয়ে এগিয়ে থাকলেও নির্মাণ উপাদানের গুণগতমানের দিক দিয়ে বেসরকারি বিদ্যালয়গুলো অবস্থা ভালো। ১৯৯৮ সালে সরকারি বিদ্যালয়গুলোতে শ্রেণীকক্ষের সংখ্যা ছিলো গড়ে ৩.৮টি যা ২০০৮ সালে বেড়ে দাঁড়ায় ৪.৬টিতে। ১৯৯৮ সালে সামগ্রিকভাবে বিদ্যালয়গুলোর এক-তৃতীয়াংশ স্থাপনা ছিলো পুরোপুরি ইট দিয়ে তৈরি যা ২০০৮ সালে বৃদ্ধি পেয়ে ৬০%-এ উন্নীত হয়েছে। ১৯৯৮ সালে সরকারি ও বেসরকারি বিদ্যালয়গুলোতে যথাক্রমে ৪৪.৫% ও ৪৭.৯% পুরোপুরি ইটের স্থাপনা ছিলো যা ২০০৮ সালে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৬৭.৬% ও ৯০%-এ উন্নীত হয়েছে। অধিকাংশ শ্রেণীকক্ষের অবস্থা বর্তমানে ভালো থাকলেও কিছু কিছু শ্রেণীকক্ষ নানাধরনের বিপর্যস্ত অবস্থায় রয়েছে।

- খাবার পানির উৎস হিসেবে ১৯৯৮ সালে ৪৭% প্রাথমিক বিদ্যালয়ে পাইপের মাধ্যমে পানি সরবরাহ বা নলকূপের ব্যবস্থা ছিলো যা ২০০৮ সালে ৫৩.৮%-এ উন্নীত হয়েছে। এই উন্নতি সবচেয়ে বেশি লক্ষ্য করা গেছে সরকারি বিদ্যালয়ে (১৮.৭% পয়েন্ট), তারপর বেসরকারি বিদ্যালয়গুলোতে (১৩% পয়েন্ট)। সামগ্রিকভাবে এক-তৃতীয়াংশ শিক্ষাপ্রতিষ্ঠান তাদের প্রতিবেশী পরিবার বা অন্যান্য প্রতিষ্ঠানের কাছ থেকে খাবার পানির সুবিধা গ্রহণ করে। বাকি প্রতিষ্ঠানগুলো হয় কলসিতে পানি সংরক্ষণ করে বা তাদের খাবার পানির কোন সুবিধা নেই।

- ১৯৯৮ সালে এক-চতুর্থাংশেরও কম সংখ্যক সরকারি ও বেসরকারি বিদ্যালয়ে ছেলে ও মেয়েদের জন্য আলাদা শৌচাগারের ব্যবস্থা ছিলো, যা ২০০৮ সালে বেড়ে যথাক্রমে ৫০.৭% এবং ৪২.৯%-এ উন্নীত হয়েছে। সামগ্রিকভাবে ৭০% শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য শৌচাগার সুবিধা পাওয়া গেছে, যার অর্ধেকে ছেলে ও মেয়েদের জন্য আলাদা ব্যবস্থা রয়েছে। এক-পঞ্চমাংশ বিদ্যালয়ে স্বাস্থ্যসম্মত শৌচাগার দেখা গেছে আর ৩৫.৭%-এর ক্ষেত্রে তা মাঝারি মানের।

- ২০০৮ সালে মাত্র ১৬% বিদ্যালয়ে শারীরিক প্রতিবন্ধি শিক্ষার্থীদের জন্য অবকাঠামোগত সুবিধা পাওয়া গেছে। এক্ষেত্রে সরকারি বিদ্যালয়গুলো (৩৪.২%) অন্যদের তুলনায় এগিয়ে রয়েছে। সব ধরনের প্রাথমিক বিদ্যালয়েই প্রতিবন্ধি শিক্ষার্থীদের জন্য শৌচাগারের ব্যাবস্থা খুবই নগণ্য।

- ১৯৯৮ সালে প্রাথমিক স্তরে ভর্তি হওয়া শিক্ষার্থীদের দুই-তৃতীয়াংশ শ্রেণীকক্ষে স্বচ্ছন্দে বসতে পারতো যা ২০০৮ সালে বৃদ্ধি পেয়ে ৯০%-এ উন্নীত হয়েছে। দুটি কারণে এটি হতে পারে– ১৯৯৮ সালের তুলনায় ২০০৮ সালে গড়ে প্রতি শ্রেণীতে শিক্ষার্থী সংখ্যা ৪৮ জন থেকে কমে ৪১ জন হয়েছে; অন্যদিকে, ১৯৯৮ সালে প্রতি শ্রেণীকক্ষে গড়ে ৩১ জনের বসার সংস্থান ছিলো যা বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ৩৭ হয়েছে। এবতেদায়ি মাদ্রাসা ছাড়া অন্য সব ধরনের বিদ্যালয়ে এই অগ্রগতি পরিলক্ষিত হয়েছে।

বিদ্যালয়ের ধরন ও সাল অনুসারে স্বাভাবিকভাবে বসতে পারে এমন শিক্ষার্থীদের হার



- প্রায় ৮০% প্রাথমিক বিদ্যালয়ে খেলার মাঠ থাকলেও মাত্র ৮.৫% বিদ্যালয়ে ফুলের বাগান দেখা গেছে। উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় ও উচ্চ-মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ি মাদ্রাসা এই দিক দিয়ে এগিয়ে আছে। উপানুষ্ঠানিক বিদ্যালয়গুলোতে উভয় ধরনের সুযোগসুবিধার অভাব রয়েছে।

- শিক্ষাপ্রতিষ্ঠানের ধরন অনুসারে ভিন্নতা থাকলেও গড়ে প্রায় ৪০% প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ রয়েছে। অন্যদিকে মাত্র এক-চতুর্থাংশ শ্রেণীকক্ষে বৈদ্যুতিক বাতি

ও পাখা রয়েছে। এক্ষেত্রে উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়গুলো ভালো অবস্থানে রয়েছে। সবচেয়ে পিছিয়ে রয়েছে মাদ্রাসা ও উপানুষ্ঠানিক বিদ্যালয়গুলো। স্বাভাবিক সময়ে, বিদ্যালয়ের ধরন নির্বিশেষে প্রায় সব শ্রেণীকক্ষে পর্যাপ্ত প্রাকৃতিক আলো ও বাতাসের প্রবাহ ছিলো।

- ২০০৮ সালে তিন-পঞ্চমাংশ শিক্ষাপ্রতিষ্ঠানের মেঝে ও বারান্দা জরিপের দিন পরিষ্কার-পরিচ্ছন্ন পাওয়া গেছে। প্রায় এক-পঞ্চমাংশ প্রতিষ্ঠানের মেঝে এবং বারান্দায় ধুলাবালি এবং বাকি প্রতিষ্ঠানগুলোতে ধুলাবালি ও ময়লা কাগজ উভয়ই পাওয়া গেছে। তিন-পঞ্চমাংশের বেশি শ্রেণীকক্ষের দেয়াল পরিষ্কার-পরিচ্ছন্ন পাওয়া গেছে। পরিষ্কার-পরিচ্ছন্নতার দিক দিয়ে উপানুষ্ঠানিক বিদ্যালয় ও উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়গুলো এগিয়ে রয়েছে।

- স্পষ্টভাবে লিখতে পারার নিরিখে প্রায় ৮০% শ্রেণীকক্ষের ব্ল্যাকবোর্ডের অবস্থা খুবই ভালো। নব্বই শতাংশ উপানুষ্ঠানিক বিদ্যালয়ের ব্ল্যাকবোর্ড এবং ৮০% উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ব্ল্যাকবোর্ডের অবস্থাও খুবই ভালো। এবতেদায়ি মাদ্রাসাগুলোতে মাত্র ৪৪% ব্ল্যাকবোর্ড ভালো পাওয়া গেছে।

- শিক্ষার্থীদের মানন্নোয়নের জন্য প্রায় ১৬% শিক্ষাপ্রতিষ্ঠান সাধারণ কোচিং-এর ব্যবস্থা করে আর ৫২% প্রতিষ্ঠান শুধু প্রাথমিক বৃত্তি পরীক্ষার্থীদের কোচিং করিয়ে থাকে। উপানুষ্ঠানিক বিদ্যালয়গুলো যেখানে সব শ্রেণীর সব শিক্ষার্থীর জন্য সাধারণ কোচিং-এর ব্যবস্থা করে যেখানে অন্য ধরনের বিদ্যালয়গুলো বৃত্তি পরীক্ষার্থীদের কোচিং-এর ওপর গুরুত্ব দেয় বেশি। প্রায় ৯০% সরকারি ও বেসরকারি বিদ্যালয়ে বৃত্তি পরীক্ষার্থীদের কোচিং করানো হয়। গবেষণাভুক্ত ১৮.৪% শিক্ষাপ্রতিষ্ঠান এ-ধরনের অতিরিক্ত কোচিং-এর জন্য ফি নিয়ে থাকে; এদের অধিকাংশই উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় ।

- শ্রেণী, জেন্ডার বা বিদ্যালয়ের ধরন নির্বিশেষে টাকার বিনিময়ে প্রাইভেট শিক্ষকের কাছে পড়ার হার গত এক দশকে বেড়েছে। সার্বিকভাবে ১৯৯৮ ও ২০০০ সালে এক-পঞ্চমাংশের সামান্য কিছু বেশি শিক্ষার্থীর গৃহশিক্ষক ছিলো যা ২০০৫ ও ২০০৮ সালে বেড়ে যথাক্রমে ৩১% ও ৩৮% হয়েছে। মেয়ে শিক্ষার্থীরা তাদের ছেলে সহপাঠীদের তুলনায় এবং গ্রামীণ এলাকার শিক্ষার্থীরা শহর এলাকার শিক্ষার্থীদের তুলনায় কম প্রাইভেট টিউটর সুবিধা পেয়ে থাকে। ইংরেজি মাধ্যম বিদ্যালয় ও উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এদিক দিয়ে অন্য ধরনের বিদ্যালয়ের শিক্ষার্থীদের তুলনায় এগিয়ে আছে। এই দুই ধরনের বিদ্যালয়ের

দুই-তৃতীয়াংশেরও বেশি শিক্ষার্থী গৃহশিক্ষকের কাছে পড়ে। উপানুষ্ঠানিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাত্র ১২% গৃহশিক্ষকের কাছে পড়ে। ২০০৮ সালে পঞ্চম শ্রেণীর প্রায় ৫৩% শিক্ষার্থীর গৃহশিক্ষক ছিলো।

এলাকা ও সাল অনুসারে গৃহশিক্ষকের সাহায্য নেওয়া শিক্ষার্থীদের হার



- চারুকলা, গান ও নাচ উপানুষ্ঠানিক বিদ্যালয়সমূহের একটি অত্যাবশ্যক অংশ। অন্য ধরনের বিদ্যালয়গুলোর প্রায় অর্ধেকে চারু ও কারুকলার ক্লাস করানো হয়। ২০০৮ সালে ৫৩.৪% বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। অর্ধেকেরও কম বিদ্যালয়ে কাব কার্যক্রম রয়েছে। খুব কম সংখ্যক মাদ্রাসাতেই বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, কাব কার্যক্রম বা চারুকলা-সম্পর্কিত ক্লাস করানো হয়েছে। উপানুষ্ঠানিক বিদ্যালয়ে কোনো কাব কার্যক্রম বা বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় নি।

- সরকারি বিদ্যালয়গুলোতে ১৯৯৮ সালে গড়ে ৪.৪ জন শিক্ষক ছিলো যা ২০০৮ সালে বেড়ে ৫.২ জন হয়েছে। গত এক দশকে বেসরকারি বা উপানুষ্ঠানিক বিদ্যালয়ের শিক্ষক সংখ্যায় কোনো পরিবর্তন দেখা যায় নি। ১৯৯৮ সালে সার্বিকভাবে নারী শিক্ষকের সংখ্যা ছিলো মোট শিক্ষকদের এক-তৃতীয়াংশেরও কম যা ২০০৮ সালে বেড়ে ৩৯.৩% হয়েছে। উপানুষ্ঠানিক বিদ্যালয়ের প্রবিধানই হচ্ছে নারী শিক্ষক নিয়োগ করা। উভয় জরিপেই এ ধরনের বিদ্যালয়গুলোতে সর্বোচ্চ অনুপাতে নারী শিক্ষক পাওয়া গেছে। সবচেয়ে কম নারী শিক্ষক রয়েছে মাদ্রাসায় (১০.৫%)। সরকারি ও উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ে নারী শিক্ষকের হারে বেশ উন্নতি ঘটেছে। তবে গ্রামীণ এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর চেয়ে শহর এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে নারী শিক্ষকের হার অনেক বেশি (যথাক্রমে ৩৬.৬% ও ৫৭.৪%)।

- গত এক দশকে শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রেও উন্নতি দেখা যাচ্ছে। ১৯৯৮ সালে উপানুষ্ঠানিক বিদ্যালয়ের এক-চতুর্থাংশ ও অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের কিছু সংখ্যক শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা ছিলো মাধ্যমিকেরও নিচে। ২০০৮ সালে কোন প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠানেই এত কম পড়ালেখা জানা শিক্ষক পাওয়া যায় নি। ১৯৯৮ সালে স্নাতকোত্তর পাশ শিক্ষকের হার ছিলো ১৪.৪% যা ২০০৮ সালে বৃদ্ধি পেয়ে ১৮.৯% হয়েছে। শিক্ষাগত যোগ্যতার নিরিখে নারী শিক্ষকরা পুরুষ শিক্ষকদের তুলনায় পিছিয়ে আছেন।

- সরকারি, বেসরকারি ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ের ৮৫% বা তার বেশি শিক্ষকের, মাদ্রাসার ১১%-এরও কম ও উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের ৫৬% শিক্ষকের পেশাগত প্রশিক্ষণ রয়েছে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণের অবস্থা গত দশ বছরে বেশ ইতিবাচকভাবে বৃদ্ধি পেয়েছে– ১৯৯৮ সালে ২৫.৯% থেকে বেড়ে ২০০৮ সালে ৮৬.৮% হয়েছে।

- অর্ধেকেরও কম শিক্ষক এক বা একাধিক বিষয়ভিত্তিক প্রশিক্ষণ পেয়েছেন। মোট শিক্ষকদের ১৯.২% বাংলা, ২২.১% ইংরেজি, ২৩.৪% গণিত, ১৩.১% পরিবেশ পরিচিতি (সমাজ) ও ১৪.৩% পরিবেশ পরিচিতি (বিজ্ঞান) বিষয়ে প্রশিক্ষণ পেয়েছেন। প্রায় ৪০% নারী শিক্ষক ও ৫৮.৫% পুরুষ শিক্ষকের কোনো বিষয়ভিত্তিক প্রশিক্ষণ নেই।

বিষয় ও জেন্ডার অনুসারে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ রয়েছে এমন শিক্ষকদের হার



- গত এক দশকে প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষকদের অনুপস্থিতির ক্ষেত্রে কোনো পরিবর্তন লক্ষ্য করা যায় নি; ১৯৯৮ ও ২০০৮ উভয় সালেই শিক্ষকদের অনুপস্থিতির হার ছিলো প্রায় ১২-১৩%। উল্লিখিত সংখ্যার প্রায় অর্ধেক শিক্ষক ছুটিতে রয়েছেন। শিক্ষাপ্রতিষ্ঠানে বিলম্বে উপস্থিতি শিক্ষকদের ক্ষেত্রে একটি মারাত্মক সমস্যা হিসেবে দেখা গেছে। জরিপের দিন ৪২.৫% শিক্ষক নিজ নিজ

শিক্ষাপ্রতিষ্ঠানে দেরিতে উপস্থিত হয়েছিলেন। গড়ে শিক্ষকরা নির্ধারিত সময়ের আধ ঘণ্টা পর উপস্থিত হয়েছিলেন। প্রায় অর্ধেক নারী শিক্ষক ও ৩৮.৩% পুরুষ শিক্ষক দেরি করে এসেছিলেন। গ্রামীণ শিক্ষকদের ক্ষেত্রে এ হার ৪৪.২% আর শহরের শিক্ষকদের ক্ষেত্রে ৩১.৯%। সরকারি, বেসরকারি ও এবতেদায়ি মাদ্রাসার প্রায় অর্ধেক শিক্ষক, উচ্চ-মাদ্রাসার ৩৫.৮%, উচ্চ-বিদ্যালয়ের ২৩.৮% এবং উপানুষ্ঠানিক বিদ্যালয়ের ১২.৭% শিক্ষক জরিপের দিন শিক্ষাপ্রতিষ্ঠানে দেরিতে উপস্থিত হয়েছিলেন।

বিদ্যালয়ের ধরন অনুসারে বিদ্যালয়ে দেরিতে উপস্থিত হয়েছেন এমন শিক্ষকদের হার



- একজন শিক্ষকের দিনে গড়ে ৫.২টি করে ক্লাস নিতে হয়। এ সংখ্যা সবচেয়ে বেশি বেসরকারি ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ে (প্রত্যেকের ছয়টি করে) এবং সর্বনিম্ন উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ে (প্রত্যেকের ৩.৪টি করে ক্লাস)। পুরুষ শিক্ষকদের তুলনায় নারী শিক্ষকদের দিনে গড়ে একটি করে ক্লাস বেশি নিতে হয় এবং শহরের শিক্ষকদের তুলনায় গ্রামীণ শিক্ষকদের ১.২টি ক্লাস বেশি নিতে হয়।
- সময়ের সাথে সাথে শিক্ষার্থী-শিক্ষক অনুপাতেও উন্নতি ঘটেছে। ২০০৮ সালে এই অনুপাত পাওয়া গেছে ৩৯:১। সরকারি বিদ্যালয়গুলোতে ১৯৯৮ সালের তুলনায় ২০০৮ সালে বেশ উন্নতি হয়েছে (৭৩:১ থেকে ৪৯:১ হয়েছে) এবং বেসরকারি বিদ্যালয়ে এই অনুপাত ১৯৯৮ সালে ৫৫:১ থেকে ২০০৮ সালে ৫০:১ হয়েছে। তবে উপানুষ্ঠানিক বিদ্যালয় ও মাদ্রাসায় এ বিষয়ে খুব সামান্যই পরিবর্তন লক্ষ্য করা গেছে।

প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা

শিক্ষার মানোন্নয়নে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। বিদ্যালয়ের ধরনের ওপর ভিত্তিকরে ব্যবস্থাপনা কমিটির গঠনে পার্থক্য রয়েছে। এ অংশে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি সম্পর্কিত বিষয়গুলো উপস্থাপন করা হলো:

- সব উপানুষ্ঠানিক বিদ্যালয়, ৯৭% সরকারি বিদ্যালয়, ৯৩-৯৪% বেসরকারি বিদ্যালয় ও এবতেদায়ি মাদ্রাসা এবং ৮৩%-এর বেশি উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ব্যবস্থাপনা কমিটি রয়েছে। কমিটির গড় সদস্য ৯.৮ জন– উচ্চ-মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ি মাদ্রাসার কমিটিতে সবচেয়ে বেশি সংখ্যক (১২.১ জন) আর উপানুষ্ঠানিক বিদ্যালয়ের কমিটিতে সবচেয়ে কম সংখ্যক (৭.১) সদস্য রয়েছেন।

- গত দশ বছরে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিতে নারী সদস্যের অন্তর্ভুক্তির হার বেড়েছে– ১৯৯৮ সালের ১৯.২% থেকে বেড়ে ২০০৮ সালে তা ২৫.৯% হয়েছে। শুধু বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ছাড়া অন্য সব ধরনের বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটিতে নারী সদস্যের অন্তর্ভুক্তির হার বেড়েছে। কমিটিতে নারী সদস্যের হার সবচেয়ে বেশি উপানুষ্ঠানিক বিদ্যালয়ে (৭৬.৩%) আর সবচেয়ে কম মাদ্রাসায় (৩%)। সরকারি বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটিতে এক-পঞ্চমাংশ সদস্য নারী।

- ব্যবস্থাপনা কমিটির সদস্যদের গড়ে নয় বছরের প্রাতিষ্ঠানিক শিক্ষা রয়েছে– সবচেয়ে বেশি রয়েছে উচ্চ-বিদ্যালয়ের কমিটি সদস্যদের (১৩ বছর) এবং সবচেয়ে কম উপানুষ্ঠানিক বিদ্যালয়ের কমিটি সদস্যদের (৫.২ বছর)। নারী সদস্যদের তুলনায় পুরুষ সদস্যরা বেশি লেখাপড়া করেছেন (গড়ে যথাক্রমে ৭.৩ বছর ও ৯.৬ বছর)। গ্রামাঞ্চলের তুলনায় শহরাঞ্চলের ব্যবস্থাপনা কমিটির সদস্যরা বেশি পড়ালেখা করেছেন (যথাক্রমে ৮.৯ বছর ও ৯.৯ বছর)। ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মধ্যে প্রায় এক-চতুর্থাংশের পেশা কৃষি, ১৮.৯% ব্যবসা, ১৯.৯% শিক্ষক, ১৩.১% চাকুরি এবং ১৬.৫% ঘরের কাজে নিয়োজিত রয়েছেন। উপানুষ্ঠানিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের অধিকাংশ কৃষি, শিক্ষকতা বা ঘরের কাজে নিয়োজিত রয়েছেন।

- ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব হিসেবে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁদের মধ্যে ২১.৬% সদস্য নারী। বিদ্যালয়ের প্রধান হিসেবে সবচেয়ে বেশি নারী রয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (৩৮.৪%) আর সবচেয়ে কম রয়েছেন মাদ্রাসায় (২%-এর কম)। শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের মধ্যে ৩৫.২%-এর স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা রয়েছে, ৩৪.৭% স্নাতক ডিগ্রি লাভ করেছেন, ২২.৯%-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা এবং ৭.৩%-এর মাধ্যমিক পর্যায়ের শিক্ষা রয়েছে।

- প্রায় অর্ধেক সংখ্যক শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান বিদ্যালয় ব্যবস্থাপনা-সম্পর্কিত প্রশিক্ষণ পেয়েছেন। সরকারি বিদ্যালয়ের দুই-তৃতীয়াংশ, উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের ৬১.৩%, বেসরকারি বিদ্যালয়ের ৪৫.২%, উচ্চ-মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ি মাদ্রাসার এক-তৃতীয়াংশ আর এবতেদায়ি মাদ্রাসার ৭.৯% প্রধান শিক্ষক বা সুপারিনটেনডেন্ট বিদ্যালয় ব্যবস্থাপনা-সম্পর্কিত প্রশিক্ষণ পেয়েছেন।

- ২০০৮ সালে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিগুলো গড়ে ৮.১টি করে সভা করেছে; প্রায় ৯৪% সভার লিখিত বিবরণ পাওয়া গেছে। সভাগুলোতে গড়ে ৭৯.২% সদস্য উপস্থিত ছিলেন। সরকারি, বেসরকারি এবং উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়গুলো এই তিনটি সূচকেই অন্য বিদ্যালয়গুলো থেকে এগিয়ে রয়েছে। এ সূচকগুলোতে সবচেয়ে দুর্বল অবস্থান এবতেদায়ি মাদ্রাসার।

- বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভায় পরীক্ষা-সম্পর্কিত আলোচনা হয় সবচেয়ে বেশি। এরপর রয়েছে যথাক্রমে শিক্ষার্থীদের অনুপস্থিতি, শিক্ষণ-শিখন কার্যক্রম, বিদ্যালয়ের অবকাঠামো নির্মাণ-সম্পর্কিত বিষয়, বৃক্ষরোপণ ও উপবৃত্তি-সম্পর্কিত আলোচনা। এই বিষয়গুলোতে সরকারি ও বেসরকারি বিদ্যালয়সমূহে সমগুরুত্ব দেওয়া হয়। উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় ও উভয় ধরনের মাদ্রাসার সভায় বৃক্ষরোপণের ওপর গুরুত্বারোপ করা হয় নি। বিদ্যালয়ের অবকাঠামো নির্মাণ ও উপবৃত্তি-সম্পর্কিত বিষয়গুলো উপানুষ্ঠানিক বিদ্যালয়গুলোর ব্যবস্থাপনা কমিটির কোনো বিষয় নয় বিধায় সেখানে এ বিষয়ে কোন আলোচনা হয় নি।

প্রাথমিক শিক্ষায় অংশগ্রহণ

শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠার পর সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো শিশুদের শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি হওয়া। শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতির বিষয়টি ঠিক তার পরের ধাপ। এই অংশে শিক্ষার্থীদের ভর্তি এবং উপস্থিতি-সম্পর্কিত বিষয়গুলো খানাজরিপ ও বিদ্যালয় জরিপের তথ্য থেকে উপস্থাপন করা হলো:

- প্রাথমিক স্তরে গ্রস ভর্তির অনুপাত গত দশকের প্রথম দুই বছরে বাড়লেও পরে তা কমে যায়। ২০০৮ সালে গ্রস ভর্তির অনুপাত ছিলো ১০৩%। নারী ও গ্রামের শিশুদের ক্ষেত্রে এই অনুপাত ক্রমান্বয়ে কমেছে বলে পর্যবেক্ষণে দেখা গেছে। ২০০৮ সালে এই অনুপাত সবচেয়ে বেশি ছিলো গ্রামীণ এলাকার মেয়েদের মধ্যে (১০৭%) আর সবচেয়ে কম শহরের ছেলেদের (৯৭%) মধ্যে।

- প্রাথমিক শিক্ষার প্রথম শ্রেণীতে সবচেয়ে বেশি শিক্ষার্থী রয়েছে। এই সংখ্যা শ্রেণী বাড়ার সাথে সাথে কমতে থাকে। প্রাথমিক শিক্ষার শুরু ও শেষ পর্যায়ের শিক্ষার্থী সংখ্যার মধ্যে পার্থক্য ১৯৯৮ সালে ছিলো ১৯.৭% পয়েন্ট যা ২০০৫ সালে কমে ৮.৫% পয়েন্ট হয়েছিলো; কিন্তু ২০০৮ সালে তা পুনরায় বেড়ে ১৪.১% পয়েন্ট হয়েছে।

- ১৯৯৮-২০০০ সালের দিকে প্রাথমিক শিক্ষার জন্য নির্ধারিত বয়সসীমার (৬-১০ বছর) বাইরে এক-তৃতীয়াংশ শিক্ষার্থী প্রাথমিক স্তরে পড়ালেখা করতো; এই হার ২০০৫-০৮ সালের দিকে কমেছে। এ থেকে এই ধারণা হবে যে, প্রাথমিক স্তরের অধিকাংশ শিক্ষার্থী এখন নির্ধারিত বয়সসীমার মধ্যে রয়েছে। বিষয়টিকে গভীরভাবে দেখলে ভিন্ন চিত্র পাওয়া যায়। নিয়মানুসারে একজন শিক্ষার্থীর বয়স ও শ্রেণীর মধ্যকার পার্থক্য হওয়া উচিত পাঁচ; উদাহরণস্বরূপ, ছয় বছর বয়সী শিশু প্রথম শ্রেণীতে, সাত বছর বয়সী শিশু দ্বিতীয় শ্রেণীতে ইত্যাদি। কিন্তু বাস্তব অবস্থা এরকম নয়। ২০০৮ সালে মাত্র এক-পঞ্চমাংশ শিক্ষার্থী পাওয়া গেছে যাদের বয়স ও শ্রেণীর পার্থক্য ছিলো পাঁচ। বিগত বছরগুলোতে এই হার কখনোই ২৫ শতাংশের উপরে যায় নি। যদি বয়স ও শ্রেণীর পার্থক্য ছয় মেনে নেওয়া যায়, তবে সাম্প্রতিক সময়ে এই হারে কিছুটা উন্নতি লক্ষ্য করা যায়।

বিদ্যালয়ের ধরন ও সাল অনুসারে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বিন্যাস

বিদ্যালয়ের ধরন	সাল			
	১৯৯৮	২০০০	২০০৫	২০০৮
সরকারি	৬৮.৩	৬১.০	৫৯.২	৫৬.৯
বেসরকারি	১৫.২	২১.১	১৯.৪	২০.৫
উপানুষ্ঠানিক	৮.৮	৭.১	৬.১	৯.৬
মাদ্রাসা	৪.৬	৭.০	৯.৫	৭.০
কিন্ডারগার্টেন	১.৫	২.১	৪.৩	৪.৭
উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়	১.৬	১.৬	১.৬	১.৩

- সব জরিপেই দেখা গেছে, প্রাথমিক স্তরের বেশিরভাগ শিক্ষার্থী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে। কিন্তু সময়ের নিরিখে সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির হার দিন দিন কমছে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের চিত্রটি এক্ষেত্রে অপরিবর্তনীয়। মোট শিক্ষার্থীর এক-পঞ্চমাংশ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে

পড়ছে। উচ্চ-মাধ্যমিক সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ে পড়ছে ২%-এরও কম শিক্ষার্থী। অন্যদিকে, ইংরেজি মাধ্যম বিদ্যালয়গুলোতে শিক্ষার্থী ভর্তির হার ক্রমে বাড়ছে। গ্রামীণ চট্টগ্রাম ও গ্রামীণ সিলেটে সর্বোচ্চ সংখ্যক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ুয়া শিক্ষার্থী রয়েছে (৬৬-৬৭%) আর সবচেয়ে কম রয়েছে বেসরকারি ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ে। মাদ্রাসার ক্ষেত্রে সিলেটের অবস্থান সবচেয়ে উপরে আর তার পরেই রয়েছে চট্টগ্রাম।

- প্রাথমিক স্তরে নিট ভর্তির হার সময়ের সাথে বেড়েছে। এই হার ১৯৯৮ সালে ৭৭% থেকে ২০০৫ সালে ৮৬.৮%-এ উন্নীত হয়েছে। অর্থাৎ বছর প্রতি নিট ভর্তির হার বেড়েছে ১.৪% পয়েন্ট করে। এরপর থেকে এটি অপরিবর্তিত রয়েছে। ২০০৮ সালে নিট ভর্তির হার পাওয়া গেছে ৮৬.৪%। ১৯৯৮ সালে সর্বপ্রথম মেয়েদের ভর্তির হার ছেলেদের চেয়ে বেশি চিহ্নিত করা হয় যা ২০০৮ সাল অব্দি বজায় থাকতে দেখা গেছে। পুরো দশক জুড়েই নিট ভর্তির হারের দিক থেকে গ্রামীণ এলাকার শিশুরা শহরের শিশুদের চেয়ে পিছিয়ে ছিলো। তবে ২০০৫ থেকে ২০০৮ সালে নিট ভর্তির নিরিখে জেন্ডার বা এলাকাভিত্তিক কোনো তাৎপর্যপূর্ণ পার্থক্য পাওয়া যায় নি।

এলাকা, জেন্ডার ও সাল অনুসারে নিট ভর্তির হারের উন্নতি

এলাকা ও জেন্ডার	সাল				তাৎপর্যের মাত্রা
	১৯৯৮	২০০০	২০০৫	২০০৮	
বাংলাদেশ	৭৭.০	৭৯.৮	৮৬.৮	৮৬.৪	p <০.০০১
মেয়ে	৭৮.৫	৭৯.৯	৮৮.০	৮৭.১	p <০.০০১
ছেলে	৭৫.৫	৭৯.৮	৮৫.৬	৮৫.৬	p <০.০০১
তাৎপর্যের মাত্রা	p <০.০০১	ns	p <০.০০১	p <০.০১	
গ্রামীণ এলাকা	৭৬.৭	৭৯.৬	৮৬.৬	৮৬.২	p <০.০০১
শহর এলাকা	৭৯.০	৮১.৫	৮৮.১	৮৭.৬	p <০.০০১
তাৎপর্যের মাত্রা	p <০.০৫	p <০.০১	p <০.০৫	p <০.০৫	

ns = তাৎপর্যপূর্ণ নয় যদি p = ০.০৫

- বয়স-নির্দিষ্ট নিট ভর্তির হার থেকে দেখা যায়, ছয় থেকে নয় বছর অব্দি শিশুদের মাঝে এই হার ক্রমান্বয়ে বেড়েছে তারপর ১০ বছর বয়সীদের মাঝে কমেছে। একমাত্র ব্যতিক্রম ২০০৫ সাল; এই সালে নয় বছর থেকেই নিট ভর্তির হার

কমতে শুরু করেছে। ২০০৫ থেকে ২০০৮ সালের মধ্যে নিট ভর্তির হার কমেছে ছয় বছর বয়সীদের মাঝে, প্রায় সমান ছিলো সাত ও আট বছর বয়সীদের ক্ষেত্রে আর বেড়েছে নয় ও দশ বছর বয়সীদের মাঝে।

- আটটি স্ট্র্যাটার বিভিন্ন বছরে নিট ভর্তির হারের পর্যালোচনায় দেখা যায় গ্রামীণ রাজশাহী, গ্রামীণ খুলনা ও পৌরসভাগুলোতে এই হার ক্রমান্বয়ে বেড়েছে। ২০০৫ সাল থেকে ২০০৮ সালে গ্রামীণ সিলেট বিভাগ ও পৌরসভাগুলোতে নিট ভর্তির হার তাৎপর্যপূর্ণভাবে কমে গেছে। গ্রামীণ সিলেট এলাকার ক্ষেত্রে ২০০০ ও ২০০৮ সালে গ্রস ও নিট উভয় হারের ক্ষেত্রেই অবনতি লক্ষ্য করা গেছে।

- চার ক্যাটাগরিভিত্তিক খানার খাদ্য নিরাপত্তা সূচকের নিরিখে দেখা যায়, প্রথম তিন ক্যাটাগরির নিট ভর্তির হার ২০০৫ সাল থেকে ২০০৮ সালের মধ্যে কমেছে। তবে দরিদ্রতম ক্যাটাগরিতে নিট ভর্তির হার ২% বেড়েছে (৭৬.১% থেকে ৭৮.১%)।

- পুরো দশকজুড়েই পিতামাতার শিক্ষার সঙ্গে নিট ভর্তির হারের ইতিবাচক সহসম্পর্ক দেখা গেছে। দুজনের একজনও কখনোই বিদ্যালয়ে যান নি এমন পিতামাতার হার গত এক দশকে ক্রমান্বয়ে কমে এসেছে। উদাহরণস্বরূপ, ১৯৯৮ সালে উক্ত ধরনের পিতামাতার হার ছিলো ৪৭.৭%, যা ২০০০-সালে ৪৫.৪%, ২০০৫-সালে ৩৫.৪% এবং ২০০৮-সালে ৩৩.৩%-এ নেমে এসেছে। ১৯৯৮ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত বিদ্যালয়ে গেছে এবং কখনোই বিদ্যালয়ে যায় নি উভয় ধরনের পিতামাতার সন্তানদের মধ্যে নিট ভর্তির হার বাড়লেও ২০০৮ সালে এসে তা থমকে দাঁড়িয়েছে।

- দরিদ্রতম পরিবার ও প্রথম প্রজন্মের শিক্ষার্থীদের অধিক হারে ভর্তি করার ক্ষেত্রে অন্য ধরনের বিদ্যালয়ের চেয়ে উপানুষ্ঠানিক বিদ্যালয়গুলো এগিয়ে রয়েছে। অবশ্য এই ধরনের কিছু শিক্ষার্থী কিন্ডারগার্টেন বা উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়েও ভর্তি হয়। সরকারি, বেসরকারি ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের গড় বয়স প্রায় কাছাকাছি (গড়ে ৯ বছর)। মাদ্রাসার শিক্ষার্থীদের গড় বয়স সবচেয়ে বেশি আর কিন্ডারগার্টেনে ও উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের গড় বয়স সবচেয়ে কম। মাদ্রাসাগুলোতে কোন অমুসলিম শিক্ষার্থী পাওয়া যায় নি।

- একদিকে যেমন নির্ধারিত বয়সসীমার চেয়ে বেশি বয়সী শিশু প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে, অন্যদিকে প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী বয়সের কিছু শিশু প্রাক-প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় অথবা গ্রেডবিহীন মাদ্রাসাগুলোতেও ভর্তি

হয়েছে। নির্ধারিত বয়সসীমার শিশুদের প্রাথমিক স্তরে ভর্তি হওয়ার হার ১৯৯৮ সালে ৭০.৯% থেকে বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে ৭৭%-এ উন্নীত হয় যা ২০০৮ সালে এসে ৭৫.৭%-এ হ্রাস পেয়েছে। অন্যদিকে, প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী বয়সসীমার শিশুদের প্রাক-প্রাথমিক ও গ্রেডবিহীন মাদ্রাসায় ভর্তির হার পুরো দশক জুড়েই বৃদ্ধি পেয়েছে।

- গত এক দশকে বিদ্যালয়-বহির্ভুত শিশুদের হার ক্রমে হ্রাস পেয়েছে। ১৯৯৮ সালে ৬-১০ বছর বয়সীদের মধ্যে ২৩% বিদ্যালয়-বহির্ভুত শিশু ছিলো, যা কমে ২০০৮ সালে ১৩.৬%-এ দাঁড়িয়েছে। এক্ষেত্রে সবচেয়ে বড় পরিবর্তন (হ্রাস) দেখা গেছে দরিদ্রতম পরিবারগুলোতে। বিদ্যালয়ে গমনোপযোগী সন্তানকে বিদ্যালয়ে না পাঠানোর কারণ জানতে চাইলে প্রায় অর্ধেক সংখ্যক পিতামাতা বলেছেন যে, তাদের সন্তানের বয়স এখনো বিদ্যালয়ে যাওয়ার উপযুক্ত হয় নি; যদিও তখন তাদের বয়স ছিলো ৬-৮ বছর। আরেকটি কারণ হলো বিদ্যালয়কর্তৃক শিশুদের ভর্তি করতে অস্বীকৃতি জানানো। একটু বেশি বয়সের শিশুদের বিদ্যালয়ে না যাওয়ার কারণ হিসেবে পিতামাতারা 'অর্থাভাব' ও 'বিদ্যালয়ের প্রতি আকর্ষণহীনতা'কে দায়ী করেছেন। বাড়ি থেকে বিদ্যালয়ের দূরত্ব অধিক হওয়ার কারণে ৪-৫% ও প্রতিবন্ধিতার কারণে ৪% শিশু বিদ্যালয়ে ভর্তি হতে পারে নি। যাদের বাড়ি থেকে দুই কিলোমিটারের মধ্যে বিদ্যালয় নেই, সে সমস্ত ক্ষেত্রে অর্ধেকের বেশি শিশু বিদ্যালয়ে ভর্তি হয় নি।

- প্রাথমিক বিদ্যালয়ে গ্রস ইনটেক হার সাম্প্রতিক সময়ে ব্যাপকভাবে হ্রাস পেয়েছে। এই হার ১৯৯৮ সালে ছিলো ২০৪%; যা ২০০০ সালে ১৯৬%, ২০০৫ সালে ১৬৬% এবং ২০০৮ সালে ১৫৯%-এ নেমে আসে। অন্যদিকে, নিট ইনটেক হার ১৯৯৮ সালে ৪১.৯% থেকে ২০০০ সালে ৪৪.৫%-এ উন্নীত হয়েছে। পরের দিকে অবশ্য এই হার ক্রমশ হ্রাস পেয়ে ২০০৫ সালে ৪১% এবং ২০০৮ সালে ৩৮.৬%-এ নেমে আসে।

- ছয় বছরের শিশুদের প্রথম শ্রেণীতে ভর্তি হওয়ার কথা থাকলেও তাদের একটি বড় অংশ বিদ্যালয়ে ভর্তি হয় না। অন্যদিকে আবার যারা ভর্তি হয় তাদের একটি অংশ প্রাক-প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়। প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির বয়সী শিশুদের প্রাক-প্রাথমিকে ভর্তির হার ১৯৯৮ সালে ৯.৫% থেকে ২০০০ সালে ১০.৮%, ২০০৫ সালে ১৬.৫% এবং ২০০৮ সালে ১৮.৮%-এ বৃদ্ধি পেয়েছে। আবার এ বয়সের শিশুদের পিতামাতাদের বড় একটি অংশ ছয় বছরকে বিদ্যালয়ে ভর্তির জন্য অত্যন্ত কম বলে মনে করেন। এ ধরনের পিতামাতার হার ২০০০ সালে ছিলো ২০%, ২০০৫ সালে ২৫% আর ২০০৮ সালে ২৭%। উপর্যুক্ত তথ্য দুটি

স্পষ্টভাবেই জানিয়ে দেয় যে, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহের দ্বিতীয়টি অর্জনে বাংলাদেশ ক্রমশ পিছিয়ে পড়ছে।

- শিক্ষায় অংশগ্রহণ পরিমাপের জন্য শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি একটি গুরুত্বপূর্ণ সূচক। যদিও ২০০৮ সালের খানা জরিপ থেকে বিদ্যালয়ে উপস্থিতির হার ৯০% পাওয়া গেছে কিন্তু বিদ্যালয়ে শিক্ষার্থীদের গণনা থেকে দেখা গেছে এই হার মাত্র ৬৭.৭%। মেয়েদের বিদ্যালয়ে উপস্থিতির হার ছেলেদের চেয়ে (৬৯.৮% বনাম ৬৫.৪%) এবং গ্রামের শিক্ষার্থীদের উপস্থিতি হার শহরের শিক্ষার্থীদের তুলনায় (৬৮% বনাম ৬৬.৬%) বেশি। সার্বিকভাবে ১৯৯৮-২০০০ সালে উপস্থিতির হার ৬০% থেকে বৃদ্ধি পেয়ে ২০০৮ সালে ৬৭.৭% হয়েছে। প্রায় সব ধরনের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধি পেয়েছে, তবে এ হার সবচেয়ে বেশি পাওয়া গেছে উপানুষ্ঠানিক বিদ্যালয়ে।

শিক্ষার্থীদের উপস্থিতির হারের উন্নতি



প্রাথমিক শিক্ষার অভ্যন্তরীণ দক্ষতা

উত্তীর্ণ, ঝরে পড়া ও পুনরাবৃত্তির হার নির্ধারণের পাশাপাশি শিক্ষাচক্র সম্পন্ন করার হার এবং পুরো শিক্ষাব্যবস্থার দক্ষতার সূচক নির্ণয় করার জন্য ২০০৭-০৮ শিক্ষাবর্ষদ্বয়ের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। এ অংশে বিভিন্ন ধরনের বিদ্যালয় থেকে প্রাপ্ত তথ্যের সমন্বয়ে জাতীয় ও এলাকা পর্যায়ে, বিদ্যালয়ের ধরন ও জেন্ডার অনুসারে অভ্যন্তরীণ দক্ষতার বিশ্লেষণ করা হয়েছে।

- গত এক দশকে প্রাথমিক স্তরের বিভিন্ন শ্রেণীতে শিক্ষার্থীদের উত্তীর্ণ হওয়ার হার কমেছে। অপরদিকে ঝরে পড়া ও পুনরাবৃত্তির হার বৃদ্ধি পেয়েছে। উভয়ের সম্মিলনে শিক্ষার অভ্যন্তরীণ দক্ষতার অপরাপর সূচকে নেতিবাচক প্রভাব ফেলেছে। যেখানে ১৯৯৮ সালে প্রতি শ্রেণীতে ঝরে পড়ার ও পুনরাবৃত্তির গড়

হারসমূহ ছিলো যথাক্রমে ৫.৬% ও ৮%, ২০০৮ সালে তা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১১.৫% ও ১০.৯%-এ দাঁড়িয়েছে।

- প্রথম শ্রেণীতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ৭৭.৪% তৃতীয় শ্রেণী পর্যন্ত পৌঁছায়, পঞ্চম শ্রেণী পর্যন্ত টিকে থাকে ৫৮.৪% আর ৫০.১% প্রাথমিক শিক্ষার পুরো চক্র সম্পন্ন করতে পারে। ছেলেদের তুলনায় মেয়েদের মধ্যে টিকে থাকার হার বেশি, আবার গ্রামের শিক্ষার্থীদের তুলনায় শহরের শিক্ষার্থীদের মাঝে টিকে থাকার প্রবণতা বেশি। শিক্ষাচক্র সম্পন্ন করার হার সবচেয়ে বেশি পাওয়া গেছে উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ে (৮৩.৬%), এরপর উচ্চ-মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ি মাদ্রাসায় (৬৫.৫%)। এ হার সর্বনিম্ন পাওয়া গেছে এবতেদায়ি মাদ্রাসায় (৩১.৫%), বেসরকারি (৩৯.৭%) ও সরকারি (৫৩.১%) বিদ্যালয়ে।

বিদ্যালয়ের ধরণ ও এলাকা অনুসারে শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা স্তর সমাপ্ত করার হার



- গত এক দশকে বিদ্যালয়ে টিকে থাকা ও প্রাথমিক শিক্ষাচক্র সম্পন্ন করার হারে এবং অভ্যন্তরীণ দক্ষতার সূচকে বড় ধরনের পতন ঘটেছে। ১৯৯৮ সাল থেকে ২০০৮ সালের মধ্যে বিদ্যালয়ে টিকে থাকার হার হ্রাস পেয়ে ৮০.৬% থেকে ৫৮.৪% হয়েছে আর শিক্ষাচক্র সম্পন্ন করার হার হ্রাস পেয়ে ৭৫.৭% থেকে ৫০.১% হয়েছে। ১৯৯৮ সালে প্রাথমিক শিক্ষার অভ্যন্তরীণ দক্ষতা সূচকের মান ছিলো ৭৬.৩% যা ২০০৮ সালে কমে হয়েছে ৫৭.২%। তথ্যসমূহ অভ্যন্তরীণ দক্ষতার নিরিখে সার্বিকভাবে বাংলাদেশের প্রাথমিক শিক্ষার বড় ধরনের অবনতির চিত্রই তুলে ধরে।

শিক্ষার্থীদের প্রান্তিক যোগ্যতা অর্জন

শিক্ষার ফলাফল পরিমাপের প্রথম এবং একই সঙ্গে জোরালো ও জনপ্রিয় নির্দেশক হলো শিক্ষার্থীদের শিখনফল। গত এক দশকে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের শিখনফলের অগ্রগতি জানতে *এডুকেশন ওয়াচ ২০০০*-এর জন্য তৈরি করা অভীক্ষাটি ২০০৮ সালে পুনরায় ব্যবহার করা হয়। প্রাথমিক শিক্ষার ৫০টি প্রান্তিক যোগ্যতার মধ্যে ২৭টি যোগ্যতা এই অভীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হয়। প্রাথমিক শিক্ষা শেষ করার ঠিক আগ মুহূর্তে পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের এই অভীক্ষা নেওয়া হয়।

- অভীক্ষাভুক্ত ২৭টি প্রান্তিক যোগ্যতার মধ্যে ১৯৯৮ সালে শিক্ষার্থীরা গড়ে ১৬.১টি যোগ্যতা অর্জন করেছিলো যা ২০০৮ সালে বেড়ে দাঁড়িয়েছে ১৮.৭টিতে। অর্থাৎ সার্বিকভাবে গত দশ বছরে শিক্ষার্থীদের গড় অর্জন বেড়েছে ২.৬টি প্রান্তিক যোগ্যতা। উভয় বছরেই মেয়েরা ছেলেদের তুলনায় এবং গ্রামের শিক্ষার্থীরা শহরের শিক্ষার্থীদের তুলনায় তাৎপর্যপূর্ণভাবে পিছিয়ে থাকলেও চারটি দলের শিক্ষার্থীদের শিখনফলেই উক্ত সময়ের ব্যবধানে উল্লেখযোগ্য অগ্রগতি দেখা গেছে। সরকারি, বেসরকারি ও উপানুষ্ঠানিক এই তিন ধরনের প্রাথমিক বিদ্যালয়েই একই হারে অগ্রগতি পরিলক্ষিত হয়েছে।

শিক্ষার্থীদের গড় প্রান্তিক যোগ্যতা অর্জনে উন্নতি



- ২০০৮ সালের অভীক্ষায় উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা সবচেয়ে ভালো ফলাফল করেছে। অভীক্ষার ফলাফলে উপানুষ্ঠানিক বিদ্যালয় দ্বিতীয়, সরকারি বিদ্যালয় তৃতীয় আর বেসরকারি বিদ্যালয় চতুর্থ অবস্থানে রয়েছে। উভয় ধরনের মাদ্রাসাই সবচেয়ে কম সাফল্য অর্জন করেছে। সরকারি, বেসরকারি ও উচ্চ-বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের ফলাফলে জেন্ডার বৈষম্য দেখা গেছে যেখানে ছেলেদের তুলনায় মেয়েরা পিছিয়ে রয়েছে। বেসরকারি বিদ্যালয় ছাড়া অন্য ধরনের বিদ্যালয়ে শহরের শিক্ষার্থীরা গ্রামের শিক্ষার্থীদের তুলনায় উল্লেখযোগ্যভাবে এগিয়ে রয়েছে।

বিদ্যালয়ের ধরন অনুসারে শিক্ষার্থীদের গড় প্রান্তিক যোগ্যতা অর্জন ২০০৮



- উভয় বছরেই শিক্ষার্থীরা পরিবেশ পরিচিতি (বিজ্ঞান ও সমাজ উভয়) বিষয়ে ভালো করেছে। বাংলা ও গণিত ঠিক তার পরের অবস্থানে রয়েছে। ইংরেজিতে সবচেয়ে খারাপ ফলাফল পাওয়া গেছে। সব ধরনের বিদ্যালয়ের শিক্ষার্থীরা অনুধাবন-সম্পর্কিত প্রশ্নের তুলনায় জ্ঞানমূলক প্রশ্নগুলোতে ভালো করেছে। সার্বিকভাবে, অনুধাবন-সম্পর্কিত প্রশ্নের তুলনায় জ্ঞানমূলক প্রশ্নগুলোতেই তাদের অগ্রগতি বেশি। উভয় বছরেই শিক্ষার্থীরা তিনটি যোগ্যতায় সবচেয়ে কম পারদর্শিতা দেখিয়েছে। যোগ্যতাগুলো হলো– ইংরেজিতে লেখা, গণিতে বর্ণনামূলক সমস্যার সমাধান করা এবং হযরত মোহাম্মদ (সাঃ) বা নিজ নিজ ধর্মের ব্যক্তিত্বদের জীবনী বর্ণনা করতে পারা। ২০০০ সালের শিক্ষার্থীরা তিনটি যোগ্যতায় খুবই ভালো ও ১২টিতে মোটামুটি ভালো দক্ষতা দেখালেও ২০০৮ সালে তারা ১২টিতে খুবই ভালো ও সাতটিতে মোটামুটি ভালো দক্ষতা দেখিয়েছে।

- অন্যান্য গবেষণার মতই এই গবেষণা থেকেও দেখা গেছে যে, শিক্ষার্থীদের শিখন দক্ষতার সঙ্গে তাদের আর্থসামাজিক অবস্থা, শিক্ষাপ্রতিষ্ঠানসংক্রান্ত বিষয়াবলী ও লেখাপড়া বিষয়ক অতিরিক্ত কর্মকাণ্ডের ইতিবাচক (যোগবোধক) সহসম্পর্ক রয়েছে। শিক্ষার্থীদের শিখনফলের পার্থক্য ব্যাখ্যা করার ক্ষেত্রে উক্ত তিন সেট চলকের মধ্যে আর্থসামাজিক অবস্থার ভূমিকা সবচেয়ে বেশি, তারপরই রয়েছে লেখাপড়া বিষয়ক অতিরিক্ত কর্মকাণ্ডের ভূমিকা; আর সবচেয়ে কম ভূমিকা পাওয়া গেছে শিক্ষাপ্রতিষ্ঠানসংক্রান্ত বিষয়াবলীর। এককভাবে সবচেয়ে বেশি ভূমিকা রয়েছে বাবার শিক্ষাগত যোগ্যতার, তারপরই গৃহশিক্ষকের।

জনসাধারণের শিক্ষা ও সাক্ষরতা পরিস্থিতি

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় নানা ধারাবাহিক উদ্যোগের ফলে এবং বিদ্যালয়ে ভর্তির হার বাড়ার কারণে দেশের সার্বিক শিক্ষা ও সাক্ষরতা পরিস্থিতিতে ইতিবাচক প্রভাব পড়ার কথা। এ অংশে চারটি খানা জরিপ থেকে প্রাপ্ত তথ্যের ওপর ভিত্তি করে জনসাধারণের শিক্ষা ও সাক্ষরতা পরিস্থিতির ওপর আলোকপাত করা হলো:

